# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (২০১) বিদআতে মুকাফ্‌ফিরা তথা যে বিদআত মানুষকে কাফের বানিয়ে দেয় তা কোনটি?

উত্তরঃ বিদ্‌আতে মুকাফফিরা অনেক। তা হল ঐ ব্যক্তির বিদ্‌আত, যে ইজমা অথবা মুতাওয়াতির সূত্রে বর্ণিত কিংবা দ্বীনের কোন সুপরিচিত ও সুস্পষ্ট বিষয়কে অস্বীকার করল। কেননা এটি আল্লাহর কিতাব এবং রাসূলদের সাথে আল্লাহর প্রেরিত দ্বীনকে মিথ্যা প্রতিপন্ন করে। যেমন জাহমীয়াদের বিদআত। তারা আল্লাহর সিফাত বা গুণাবলীকে অস্বীকার করেছে এবং কুরআনকে মাখলুক (আল্লাহর সৃষ্টি) বলেছে। শুধু তাই নয়, তারা আল্লাহর সকল সিফাতকেই অস্বীকার করেছে। তারা আল্লাহ কর্তৃক ইবরাহীম (আঃ)-কে বন্ধু হিসাবে গ্রহণ করা এবং মুসার সাথে কথা বলার বিষয়ও অস্বীকার করেছে। এমনিভাবে কাদরীয়াদের বিদআতও বিদআতে মুকাফফিরার অন্তর্ভূক্ত। তারা আল্লাহর ইলম, কম,র্ ফয়সালা ও তাকদীর সবই অস্বীকার করে। আরো আছে মুজাস্সিমাদের বিদআত। তারা আল্লাহকে মাখলুক তথা সৃষ্টির সাথে তুলনা করে থাকে। এছাড়া বিদআতে মুকাফ্‌ফিরার আরও অনেক উদাহরণ রয়েছে।

তবে এ সমস্ত বিদআতীদের কেউ কেউ এটা অবশ্যই জানে যে, তার উদ্দেশ্য হচ্ছে দ্বীনের মূলনীতিকে ধ্বংস করা এবং দ্বীনের মধ্যে মানুষকে সন্দিহান করে তোলা। এই শ্রেণীর লোক নিঃসন্দেহে কাফের। দ্বীনের সাথে এদের কোন সম্পর্ক নেই। শুধু তাই নয় এরা দ্বীনের বড় শত্রুদের অন্তর্ভূক্ত।

আবার তাদের মধ্যে কেউ এমন আছে যে, তারা প্রতারণার শিকার এবং তাদের নিকট রয়েছে সন্দেহ। তাদের কাছে প্রথমতঃ দলীল পেশ করার পর তারা যদি গ্রহণ না করে তখন তাদেরকেও কাফের হিসাবে ঘোষণা করা হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12015

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন